দর্শনায় পৃথক অভিযানে ১৭৫ বোতল ফেনসিডিলসহ দুজন গ্রেফতার

দর্শনায় ঝিনাইদহ র্যাব ৬ ও দর্শনা থানা পুলিশ পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৭৫বোতল ফেনসিডিলসহ দুজন মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে।

জানাগেছে গত সোমবার (১৫ মে) দিবাগত রাত ১টার দিকে দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালায় মদনা বাজার হতে প্রতাবপুরগামী পাকা রাস্তার উপর।

এ সময় দর্শনা থানার ওসি তদন্ত এস এম আমান উল্লাহ এর নেতৃত্বে, দর্শনা থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) নিরব হোসেন সঙ্গীয় অফিসার এসআই টিপু সুলতান, এসআই শামীম রেজা, এসআই সুজন অভিযান চালিয়ে মিলন মিয়া (৪০) কে গ্রেফতার করে। তার কাছন থেকে ১৩২ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করে।সে ঝাঝাডাঙ্গা (বাগানপাড়া),ও মদনা (দক্ষিনপাড়ার মৃত্য মুজিবর রহমানের ছেলে।

গতকালই এস আই সোহেল রানা বাদি হয়ে শামীম রেজা নামে মাদক আইনে মামলা সহ আদালতে প্রেরন করেছে।অপরদিকে সোমবার (১৫ মে) রাত সাড়ে ১১ টার দিকে ঝিনাইদহ র্যাব ৬ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা থানার আকন্দবাড়িয়া বটতলা বাজরের যাত্রী ছাউনির সামনে।

এ সময় র্যাব জীবনগর উপজেলার ছটাংগা পাড়ার শামীম রেজাকে (২২) গ্রেফতার করে।পরে তার দেহ তল্লাশি করে ৪৩ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করে। এ ঘটনায় র্যাব বাদি হয়ে দর্শনা থানায় শামীম রেজার মাদক আইনে মামলা দায়ের করেছে। গতকালই তাদের দুজনকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করছে।

দর্শনায় প্রত্যাশা শীর্ষক মতবিনিময় সভায়

দর্শনা নাগরিক কমিটির আয়োজনে দর্শনায় চাই স্বপ্নের দর্শনা, এই স্লোগানকে সামনে রেখে দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়রের কাছে দর্শনাবাসির প্রত্যাশা ও করনীয় বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৫ টায় দর্শনা কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে এ মতবিনিময় সভার সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজ সেবক জাহিদুল ইসলাম।

এ অনুষ্টানে অতীথী থেকে বক্তারা আলোচনা করেন,চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’ লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট শহিদুল ইসলাম,দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু, চুয়াডাঙ্গ সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ আজিজুল রহমান, দর্শনা পৌর আ’লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ মোশারফ হোসেন, বিশিষ্ট সমাজ সেবক আকমত আলী,প্যানেল মেয়র রবিউল হক সুমন,কবি ও সাহিত্যিক আবু সুফিয়ান,কেরু এ্যান্ড কোম্পানির সাবেক এডি এম শেখ শাহাব উদ্দীন,দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম,সাধারন সম্পাদক হানিফ মন্ডল,সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল,সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন,এ অনুষ্টানটি পরিচালনা করেন নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ।বক্তারা বলেন দর্শনার উন্নয়নে দর্শনা পৌরসভাকে সঠিক পরিকল্পনা গ্রহন করতে হবে।
দর্শনার প্রতিটি মহল্লার সমস্যা চিন্হিত করে সমস্যা সমধান করতে হবে।

দর্শনা বাসির স্বপ্ন পৃরনে পৌরসভার মেয়রসহ সংশিষ্ট সকলকে হতে হবে আন্তরিক।সেক্ষেত্রে সবাইকে হতে হবে ঐক্যবদ্ধ।

[redacted]

[redacted] [redacted] [redacted] [

দর্শনায় ১২০ বোতল ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশের অবিযানে ১২০ বোতল ফেনসিডিলসহ ঝাঝাডাঙ্গার হাদী গ্রেফতার। গ্রেফতারকৃত মাদক ব্যাবসায়ী হাদী দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা গ্রামের বাসিন্দা ও আব্দুল মান্নানের ছেলে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই তাইফ্জ্জুামান, এসআই সুজন আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন ঝাঝাডাঙ্গা গ্রামের মাদ্রাসা সংলগ্ন চৌরাস্তার মোড়ে।

এসময় কায়দার আলীর আব্দুর রাজ্জাকের মুদি দোকানের সামনে পাকা রাস্তার উপর হতে ১২০ বোতল ফেন্সিডিলসহ হাদী (৩৫) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করে। এসময় ঘটনাস্থল হতে একব্যক্তি দৌড়ে পালিয়ে যায়।

এ ঘটনায় গ্রেফতারকৃত ও পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনা রামনগরে থানা পুলিশের উদ্যোগে উঠান বৈঠক অনুষ্ঠিত

দর্শনা থানা পুলিশের উদ্যোগে রামনগরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকালে দর্শনা পৌরধীন ৬ নং ওয়ার্ডে ২ নং বিট পুলিশিং এলাকার রামনগর মোড়ের বগ চত্বরে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

দর্শনা থানা পুলিশের উদ্যোগে অনুষ্ঠিত এ উঠান বৈঠকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদের সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার সিনিয়র (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা।

এসময় তিনি মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ, নারী নির্যাতন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ এবং বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে উঠান বৈঠকে এ আলোচনা করেন।

দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডলের প্রানবন্ত সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভাধীন ৬ নং ওয়ার্ড আ.লীগের সভাপতি সোলায়মান হোসেন, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ সহ অত্র এলাকার গণ্যমান্য ও সম্মানিত ব্যক্তিবর্গ।।

দর্শনায় ভ্রাম্যমান আদালতে মাদক ব্যাবসায়ী মুন্নার জেল-জরিমানা

দর্শনায় মাদকসহ আটক মনিরুল ইসলাম মুন্নাকে (২৬) জেল ও জরিমানা করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে দর্শনা পৌর এলাকার পাঠানপাড়া রেল কলোনী পাড়া থেকে তাকে মাদক সহ আটক করে।

আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের কারাদন্ড ও অর্থ দন্ড প্রদান করেন। এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

অভিযান সুত্রে জানাযায়, আজ মঙ্গলবার সকাল সাড়ে ৮ টার দিকে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস ও চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরীয়ত উল্লাহ এবং পরিদর্শক ভূপতি কুমার বর্মনের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের অন্যান্য অফিসার ও ফোর্স সাথে নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয় দর্শনা পৌর এলাকায় পাঠানপাড়ার রেলকলোনী পাড়ায়।

এসময় রেল কলোনী পাড়ার কুদ্দুস সিকদারের ছেলে মনিরুল ইসলাম মুন্নার (২৬) নিজ দখলীয় বসতঘর হইতে তার দেহ তল্লাশি করে ৫০ গ্রাম গাঁজা সহ আটক করা হয়। এরপর আটককৃত ব্যাক্তির বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা এবং বিচারক হিসাবে রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস।

দর্শনায় শান্তিপূর্ণ ভাবে এসএসসি ও সমমান পরিক্ষা সম্পন্ন

সারাদেশের ন্যায় চুয়াডাঙ্গার দর্শনায় শান্তিপূর্ণ ভাবে এস,এস,সি ও সমমানের পরিক্ষা সম্পন্ন হয়েছে। এ পরিক্ষায় দর্শনা পৌরসভা সহ পার্শ্ববর্তী ইউনিয়নের মোট ৮টি বিদ্যালয় অংশ গ্রহণ করেন ৬৪৪ জন শিক্ষার্থী। এ পরিক্ষায় কোন বহিস্কার না হলেও পরিক্ষার প্রথম দিনে পরিক্ষাকেন্দ্রে অনুপস্থিত ছিল ১২ পরিশিক্ষার্থী।

আজ রবিবার সকাল ১০ টা থেকে দুপুর ১টা পর্যন্ত চুয়াডাঙ্গার দর্শনার দুটি কেন্দ্রে এসএসসি ও সমমানের পরিক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয। প্রথম দিনে অনুষ্ঠিত হয় বাংলা প্রথম পত্র। এ কেন্দ্র দুটি মেমনগর বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয় ও দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

পরিক্ষার প্রথম দিনে বাংলা প্রথমপত্রে মেমনগর বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৭৬ জন। এ পরিক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৭২ জন। অনুপস্থিত ছিল ৪ জন। অন্যদিকে দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র দু’টিতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৬৮ জন। পরীক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর ছিল ২৬০ জন। এ দুটি

পরিক্ষা কেন্দ্রে অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১২ জন। দর্শনার উভয় পরিক্ষার কেন্দ্রে বহিষ্কারের কোন ঘটনা ঘটেনি। তবে পরিক্ষার প্রথম পত্রে দুটি কেন্দ্রে অনুপস্থিত ছিল ১২ জন শিক্ষার্থী।

দর্শনার দুটি পরিক্ষা কেন্দ্রে পরিক্ষায় অংশ গ্রহণ করেন দর্শনা দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়, কেরু উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয়, আলহেরা ইসলামী বিদ্যালয়, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দামুড়হুদার পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের কামাড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়, মদনা মাধ্যমিক বিদ্যালয়, বড় বলদিয়া মাধ্যমিক বিদ্যালয়।

অনুষ্ঠিত পরিক্ষার প্রথম দিন কেন্দ্র পরিদর্শন করেছেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

দর্শনা বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নাসির উদ্দিন জানায়, দর্শনায় এসএসসি পরিক্ষার দুটি কেন্দ্রের সুপার হিসাবে মেমনগর (বিডি) মাধ্যমিক বিদ্যালয়ের দায়িত্বে রয়েছেন শিক্ষক ইকরামুল হক ও মাধ্যমিক বালিকা (গার্লস) বিদ্যালয়ে হাসমত আলী। এ দুটি পরিক্ষা কেন্দ্রে মোট ৬৪৪ জন পরিক্ষার্থীর মধ্য পরিক্ষায় ১২ জন কম অংশগ্রহণ করছে।

দর্শনায় ১৬ দিনের ব্যবধানে দুটি পবিত্র কোরআন শরিফ পুড়ানোর অভিযোগে আটক ১

দর্শনার উজলপুর গ্রামে ১৬ দিনের ব্যবধানে দুটি পবিত্র কোরআন শরিফ পুড়ানোর অভিযোগ উঠেছে আনিছ উদ্দিন নামের এক ব্যাক্তির বিরুদ্ধে। এ ঘটনায় আনিছ উদ্দিনকে পুলিশের কাছে তুলে দিয়েছে গ্রামবাসী।

আজ শুক্রবার দুপুর ২ টার দিকে দর্শনা থানার ইন্সপেক্টর (তদন্ত)

আমান উল্লাহ, এসআই আহাম্মদ আলী বিশ্বাস ও এসআই সুজন ঘটনাস্থল পরিদর্শন শেষে তাকে আটক করে থানা হেফাজতে নেয়।

ঘটনার বিবরণে জানাগেছে, আজ শুক্রবার দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের উজলপুর গ্রামের মৃত রহমান মন্ডলের ছেলে আনিছ উদ্দিন (৫৫) গ্রামের ছটাংগার মাঠে তার নিজ জমিতে একটি কোরআন শরিফ পুড়ায়। এরপর মাঠ হতে গ্রামে ফিরে তা মানুষের নিকট প্রচার করে।
এমন খবর শুনারপর তার সত্যতা যাচায়ে মাঠে যায় গ্রামের লোকজন। ঘটনাস্থলে যেয়ে কোরআন শরীফ পুড়ানোর সত্যতা পায়। পরে পুলিশের খবর দিলে দর্শনা থানার ইন্সপেক্টর (তদন্ত) আমান উল্লাহ আমান, এসআই আহাম্মদ আলী বিশ্বাস ও এসআই সুজন ঘটনাস্থল পৌছে প্রাথমিক তদন্ত শেষে কোরআন শরীফ পুড়ানোর অপরাধে আনিছ উদ্দিনকে আটক করে দর্শনা থানা পুলিশ।

উল্লেখ্য, গত ১২ এপ্রিল সে একটি কোরআন শরিফ আংশিক পুড়িয়ে গ্রামের আব্দুল করিমের ছেলে নজর আলী মাস্টারের বাড়ির গেটের সামনে রেখে যায়। পরে পুলিশ খবরপেয়ে সরজমিন পরিদর্শন করে কোরআন শরিফটি উদ্ধার করে পুলিশ হেফাজতে নেয়।

স্থানীয়রা জানায়, আনিছ উদ্দিন বেশ কিছুদিন মানষিক ভারসাম্যহীন ভাবে চলাফেরা করছে। দর্শনা থানার ভারপ্রাপ্ত ইনচার্জ ইন্সপেক্টর (তদন্ত) আমান উল্লাহ আমান জানান, পবিত্র কোরআন শরীফ পুড়ানোর অপরাধে ২৯৫ ধারায় মামলা দায়ের করে আসামীকে চুয়াডাঙ্গা কোট হাজতে পাঠানো হয়েছে।

দর্শনায় ৫ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ভারতীয় ৫ কেজি গাঁজা সহ আরমান মিয়া ও রেজোয়ান নামের দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ বুধবার সকাল ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই আহাম্মেদ আলী বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই বশির আহম্মেদ, এএসআই হাসানুল বান্না সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পৌর এলাকার শান্তিপাড়ায়।

এসময় উক্তপাড়ার মৃত সেকেন্দারের ছেলে সোহাগের মালিকানাধীন বাড়ি অভিযান পরিচালনা করা হয়। এ মাদক বিরোধেী অভিযান পরিচালনা কালে বাড়ির ভাড়াটিয়া লিটনের ছেলে আরমান মিয়া (২৫) এর ভাড়াবাড়ীর সিড়ি ঘরের খড়ির গাদার নিচে থেকে অবৈধ মাদকদ্রব্য ৫ কেজি গাঁজা উদ্ধার সহ গ্রেফতার করা হয় লিটনের ছেলে আরমান মিয়া (২৫) ও মোবারকপাড়ার মৃত রিয়াজ উদ্দিনের ছেলে রেজোয়ানকে (২৪)।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজ তাদের দুজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করছে।

দর্শনায় ৮৯ ব্যাচের উদ্দ্যেগে ইফতার মাহফিল

দর্শনায় ৮৯ ব্যাচের উদ্দ্যেগে দর্শনা সরাকরী কলেজে এক ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়েছে।

গত শুক্রবার সন্ধা ৬ টার দিকে দর্শনা সরকারী কলেজের একটি কক্ষে ৮৯ ব্যাচের উদ্দ্যেগে এ ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়। উক্ত দোয়া মাহফিলে দর্শনা সরকারী কলেজের প্রয়াত প্রতিষ্ঠাতা-শিক্ষক-কর্মচারী শিক্ষার্থীদের রুহের মাগফেরাত কামনায় দোয়া ইফতার মাহফিল অনুষ্টিত হয়।

এ ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন নব নির্বাচিত পৌর মেয়র আতিয়ার রহমান হাবু সাবেক উপধাক্ষ মোশারেফ হোসেন, বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট শহীদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, ৮৯ ব্যাচের সাধারন সম্পাদক